**BANGLADESH INSTITUTE OF INTERNATIONAL AND STRATEGIC STUDIES (BIISS)**
1/46, Old Elephant Road, Ramna, Dhaka- 1000, Bangladesh

<u>সংবাদ বিজ্ঞপ্তি</u>

Seminar on

## Global Climate Negotiations: Challenges and Priorities for Bangladesh

Wednesday, 18 December 2024

বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) বুধবার **১৮** ডিসেম্বর ২০২৪ তারিখে বিআইআইএসএস অডিটোরিয়ামে **"Global Climate Negotiations: Challenges and Priorities for Bangladesh"** শীর্ষক একটি সেমিনারের আয়োজন করে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের **মাননীয় উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান**। স্বাগত বক্তব্য প্রদান করেন বিআইআইএসএস-এর মহাপরিচালক **মেজর জেনারেল ইফতেখার আনিস,** বিএসপি, এডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি, পিইঞ্জ। সেমিনারে চারটি উপস্থাপনা করেছেন যথাক্রমে **ড. সুফিয়া খানম,** সিনিয়র রিসার্চ ফেলো, বিআইআইএসএস; **ড. ফজলে রাব্বি সাদেক আহমেদ,** উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ); **অধ্যাপক শরমিন্দ নীলোর্মি,** অর্থনীতি বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়; এবং **এডভোকেট এম. হাফিজুল ইসলাম খান,** সদস্য, নির্বাহী কমিটি, ওয়ারশ ইন্টারন্যাশনাল মেকানিজম ফর লস অ্যান্ড ড্যামেজ, ইউএনএফসিসিসি। এর পর একটি উন্মুক্ত আলোচনা সেশন অনুষ্ঠিত হয়। **রাষ্ট্রদূত এ এফ এম গওসোল আজম সরকার,** চেয়ারম্যান, বিআইআইএসএস, সেমিনারে সভাপতিত্ব করেন এবং সমাপনী বক্তব্য প্রদান করে অধিবেশন সমাপ্ত করেন।

আলোচকবৃন্দ এবং অংশগ্রহণকারীরা বৈশ্বিক জলবায়ু কূটনীতিতে অন্যতম কণ্ঠস্বর হিসেবে বাংলাদেশের ভূমিকা এবং উন্নয়নশীল দেশগুলোর দুর্দশার কথা তুলে ধরেন। তাঁরা জোর দিয়ে বলেন, যদিও জলবায়ু পরিবর্তনের ক্ষেত্রে বাংলাদেশ উল্লেখযোগ্য অবদানকারী নয়, তবুও দেশটি জলবায়ু পরিবর্তনের সম্ভাব্য ঝুঁকিতে রয়েছে। অধিকন্তু, তাঁরা উদীয়মান এবং সম্ভাব্য ঝুঁকির আলোকে দেশটির কী কী বিষয়ে অগ্রাধিকার দেওয়া প্রয়োজন এবং কীভাবে তাদের আরও কার্যকরভাবে মোকাবেলা করা যায় তা নিয়ে আলোচনা করেন। তাছাড়া, বিভিন্ন প্ল্যাটফর্মের মাধ্যমে বৃহত্তর পরিসরে জলবায়ু কূটনীতি পরিচালনা এবং ক্রমাগত সম্পৃক্ততার বিষয়ে তাঁরা পরামর্শ প্রদান করেন। প্রধান অতিথি মাননীয় উপদেষ্টা সৈয়দা রিজাওয়ানা হাসান জলবায়ু চ্যালেঞ্জ মোকাবেলায় আঞ্চলিক সহযোগিতার গুরুত্ব তুলে ধরেন। আজারবাইজানের বাকুতে সাম্প্রতিক কপ-২০ শীর্ষ সম্মেলনে তাঁর অভিজ্ঞতা বর্ণনা করে তিনি বলেন, জলবায়ু পরিবর্তনের কারণে ক্ষতিগ্রস্থ দেশগুলির মধ্যে ঐক্য এবং সম্মিলিত শক্তি তাদের প্রতিশ্রুতি দেওয়া তহবিলের চেয়ে অনেক বেশি অর্থবহ হবে। এ আলোচনায় জলবায়ু অর্থায়ন, ক্ষয়-ক্ষতি, জলবায়ু ন্যায়বিচার, জলবায়ু কর্মকাণ্ডে তরুণদের ভূমিকা, ভবিষ্যৎ লক্ষ্যমাত্রা নির্ধারণ ইত্যাদির মতো গুরুত্বপূর্ণ বিষয়গুলো উল্লেখযোগ্য মনোযোগ পেয়েছে।

বিভিন্ন মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, কূটনৈতিক মিশনসমূহ, মিডিয়া, গবেষকবৃন্দ, শিক্ষাবিদগণ, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা, বিভিন্ন থিঙ্ক ট্যাঙ্ক এবং আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিরা সক্রিয়ভাবে অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। উন্মুক্ত আলোচনা পর্বে তাঁদের মূল্যবান মতামত, মন্তব্য, পরামর্শ এবং পর্যবেক্ষণ উপস্থাপন করে সেমিনারকে সমৃদ্ধ করেন।

**BANGLADESH INSTITUTE OF INTERNATIONAL AND STRATEGIC STUDIES (BIISS)**
1/46, Old Elephant Road, Ramna, Dhaka- 1000, Bangladesh

**Press release**

Seminar on
**Global Climate Negotiations: Challenges and Priorities for Bangladesh**
18 December 2024

Bangladesh Institute of International and Strategic Studies (BIISS) organised a seminar titled **"Global Climate Negotiations: Challenges and Priorities for Bangladesh"**. **Syeda Rizwana Hasan**, Honourable Adviser, Ministry of Environment, Forests and Climate Change, Government of the People's Republic of Bangladesh, graced the occasion as Chief Guest. **Major General Iftekhar Anis**, **BSP**, **awc**, **afwc**, **psc**, **PENG**, Director General, BIISS, delivered the welcome address. Four presentations were made at the seminar by: **Dr. Sufia Khanom**, Senior Research Fellow, BIISS; **Dr. Fazle Rabbi Sadeque Ahmed**, Deputy Managing Director, Palli Karma Sahayak Foundation (PKSF); **Professor Sharmind Neelormi**, Department of Economics, Jahangirnagar University; and **Advocate M. Hafijul Islam Khan**, Member, Executive Committee of Warsaw International Mechanism for Loss and Damage at UNFCCC. These were followed by an Open Discussion session. **Ambassador AFM Gousal Azam Sarker**, Chairman, BIISS, chaired and wrapped the session up with some remarks.

Speakers and participants alike, reflected on Bangladesh's role as a major voice in global climate diplomacy and bringing the plight of developing countries to light. They stressed that although not a significant contributor to climate change, the country is one of those most at risk from projected impacts. Besides, they provided suggestions what the country would require to prioritise in light of extant, emerging and potential risks, how to address them in more effective manner, conduct climate diplomacy on broader scale through different platforms and continuous engagement. The chief guest, H.E, Syeda Rizawana Hasan, highlighted the importance of regional cooperation in addressing climate challenges; reflecting on her experience at the recent COP-20 Summit at Baku, Azerbaijan, she said unity and collective strength among countries adversely affected by climate change would be far more meaningful than the funds they were being promised. In the discussions, pressing issues like climate finance, loss and damage, climate justice, role of the youth in climate action, setting future targets, etc., received significant attention.

Senior officials from different ministries, diplomatic missions, media, researchers, academicians and students from various universities, representatives from different think tanks, international organisations, actively participated in the seminar and enriched it by presenting their valuable opinions, comments, suggestions, and observations during the open discussion session.